

বিকেএসপি' তে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪

বিকেএসপিতে যথাযথ মর্যাদায় পালিত হলো মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪। সকালে সূর্যদয়ের সাথে সাথে মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি জাতীয় পতাকা ও কলেজের অধ্যক্ষ লে. কর্ণেল মোঃ ইকবাল হোসেন, পিবিজিএম, পিবিজিএমএস বিকেএসপির পতাকা উত্তোলন করেন এবং এর মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু হয়। এ সময় বিকেএসপির কর্মকর্তা, কর্মচারী ও বিকেএসপিতে অবস্থানরত প্রশিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন। সকালে অডিও ভিজুয়াল সেন্টারে প্রশিক্ষার্থীদের অংশগ্রহণে কবিতা আবৃত্তি ও রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়। এরপর স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য ভুলে ধরে এক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাপরিচালক। বাদ যোহর মসজিদে জাতির শান্তি, সমৃদ্ধি, অগ্রগতি এবং শহীদদের আত্মার শান্তি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। বিকেলে কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে এক প্রীতি ভলিবল ম্যাচের আয়োজন করা হয়। খেলাশেষে দুই দলের খেলোয়াড়দের মাঝে পুরস্কার বিতরণ করেন মহাপরিচালক। রাতে প্রশিক্ষার্থীর জন্য উন্নতমানের খাবার পরিবেশনের মধ্য দিয়ে দিনের কর্মসূচি শেষ হয়। দিবসটি উপলক্ষে প্রতিষ্ঠানে আলোকসজ্জা করা হয়।



## বিকেএসপিতে শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচি -২০২৪

বিকেএসপিতে শুরু হয়েছে ৪ দিন ব্যাপী (৩১ মার্চ – ০৩ এপ্রিল) শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচি -২০২৪। ঢাকা বিকেএসপি সহ ৬টি আঞ্চলিক বিকেএসপির ৮৮ জন শিক্ষক এ প্রশিক্ষণ কর্মসূচি অংশ নিচ্ছেন। বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি কর্মশালাটির শুভ উদ্বোধন করেন। তিনি বর্তমান সরকারের নতুন শিক্ষা কারিকুলামকে যুগোপযোগী ও বাস্তবধর্মী শিক্ষা ব্যবস্থা বলে উল্লেখ করেন। মহাপরিচালক কর্মশালায় উপস্থিত শিক্ষকগণকে গুরুত্ব সহকারে অংশগ্রহণ করার আহবান জানান এবং নতুন বিশ্ব পরিস্থিতিতে টিকে থাকার মত যোগ্য প্রজন্ম গড়ে তুলতে এ ধরনের কর্মসূচির প্রয়োজনীয়তা রয়েছে বলে তিনি মনে করেন। এর আগে ক্রীড়া কলেজের অধ্যক্ষ লে. কর্ণেল মোঃ ইকবাল হোসেন, পিবিজিএম, পিবিজিএমএস কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন।

